# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ১. নিজের মনোনীত প্রজাদেরকে হত্যা

বাইবেলের বর্ণনায় বনি-ইসরাইল জাতি ঈশ্বরের একমাত্র প্রিয় সন্তান ও মনোনীত জাতি। কিন্তু ঈশ্বরের বিরুদ্ধে ইসরাইল জাতির বিদ্রোহ ও ছোটবড় অপরাধে তাদের প্রতি ঈশ্বরের শাস্তির বিবরণ সত্যই অবিশ্বাস্য। আমরা ইতোপূর্বে বলেছি যে, মিসর থেকে প্রায় ত্রিশ লক্ষ বনি-ইসরাইলকে ঈশ্বর বের করে নিয়ে আসেন, তাদের মধ্যে লেবীয় গোষ্ঠী বাদেই ছয় লক্ষাধিক ছিল ২০-৪০ বছর বয়সী যোদ্ধা। তাদেরকে দুধ ও মধুর দেশ দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে ঈশ্বর বের করে নিয়ে আসেন। ফিলিস্তিনের কাছে আসলে ঈশ্বর বলেন এ দেশের বাসিন্দাদের হত্যা করে তোমাদেরকে এ দেশ দখল করতে হবে। যুদ্ধ ও হত্যায় বনি-ইসরাইল আপত্তি করে। এতে ঈশ্বর ক্রুদ্ধ হয়ে তাদের জন্য প্রতিশ্রুত দুধ ও মধুর দেশে প্রবেশ নিষিদ্ধ করেন। পরবর্তী ৩৮ বছরে মরুভূমিতে অবস্থানকালে মিসর থেকে বের হয়ে আসা প্রায় ত্রিশ লক্ষ বনি-ইসরাইলের মধ্যে মাত্র দুজন-যিহোশূয় ও কালেব ছাড়া সকলেই মৃত্যুবরণ করেন। (গণনাপুস্তক ১৪/২-৩৮; ৩২/১১-১৩; দ্বিতীয় বিবরণ ২/১৪-১৫) সমালোচকদের ভাষায় ঈশ্বর তাঁর প্রিয় মনোনীতদের মধ্য থেকে প্রায় ত্রিশ লক্ষ প্রিয় প্রজাকে হত্যা করেন। এ ছাড়াও ঈশ্বর কর্তৃক বনি-ইসরাইলদের হত্যার কিছু ঘটনা এখানে উল্লেখ করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14523

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন